

একটি শুন্দি নাগরিকপঞ্জী প্রস্তুতকরণের জন্য পরিবারের বিস্তৃত বংশলতিকা দাখিল করার প্রয়োজনীয়তা



কোন অসাধু ব্যক্তির দ্বারা আপনার বংশের লিগেন্সির অপব্যবহার
রোধ করতে আপনার বংশলতিকার বিস্তৃত বিবরণ দাখিল করতে

বংশলতিকা ফর্ম দাখিল করার অস্তিম তারিখ হচ্ছে ২২ মার্চ, ২০১৬

- পরীক্ষণকারী দলের দ্বারা পরীক্ষণের জন্য বংশলতিকার ফর্ম ইতিমধ্যেই বাড়ী বাড়ী গিয়ে সংগ্রহ করা হয়েছে। যদি কোন পরিবার এখনও বংশলতিকার ফর্ম পরীক্ষণকারী দলকে দাখিল করেনি তাদেরকে অতি শীঘ্রে তাদের নিদর্শিত এনআরসি সেবা কেন্দ্রে উক্ত বংশলতিকা ফর্ম জমা দিতে অনুরোধ করা হল।
- আপনার এনআরসি আবেদনপত্র দাখিল করা কেন্দ্রটি হচ্ছে আপনার নিদর্শিত এনআরসি সেবাকেন্দ্র। যদি আপনি অনলাইনে এনআরসি আবেদনপত্র দাখিল করেছেন, সেক্ষেত্রে আপনি আমাদের ওয়েবসাইট (হোমপেজে থাকা "Know your NSK" দেখুন) থেকে আপনার নিদর্শিত এনআরসি সেবাকেন্দ্রটির বিষয়ে জানতে পারবেন।
- মনে রাখবেন যে অনলাইনযোগে বংশলতিকা ফর্ম দাখিল করার কোন সুবিধা নেই। বংশলতিকার বিবরণ শুধু বাড়ী বাড়ী যাওয়া পরীক্ষণকারী দলের কাছে বা আপনার নিদর্শিত সেবা কেন্দ্রেই দাখিল করবেন।
- বংশলতিকা ফর্ম দাখিল করার অস্তিম তারিখ ২২ মার্চ, ২০১৬। এর পর কোন ফর্ম জমা নেওয়া হবে না।
- বংশলতিকার ফর্ম আপনার নিদর্শিত এনআরসি সেবাকেন্দ্রে পাওয়া যাবে বা আমাদের ওয়েবসাইট থেকেও ডাউনলোড করতে পারবেন।

বংশলতিকার ফর্ম পূরণ করার সময় নিম্নলিখিত তথ্যগুলো মনে রাখবেন :

১. কোন পরিবার যদি ১৯৫১ সনের এন আর সি বা ১৯৭১ সনের ২৪ মার্চের পূর্বের যে কোন ভোটার তালিকা ছাড়া "তালিকা A" র অন্যান্য গ্রহণযোগ্য নথি ব্যবহার করে থাকেন, সেক্ষেত্রে লিগেন্সি ডাটা কোড এর বিপরীতে থাকা জায়গাটি খালী রাখতে হবে।
২. যদি কোন লিগেন্সি ব্যক্তির এক থেকে অধিক স্বামী বা স্ত্রী থাকে, তাহলে তাদের নাম 'কমা'র দ্বারা পৃথকভাবে লিখতে হবে।
৩. পরিবারের সব মৃত সদস্যের নাম (যদি থাকে) পরিবারের বংশলতিকায় উল্লেখ করতে হবে।
৪. লিগেন্সি ব্যক্তির সব জ্ঞাত লিগেন্সি ডাটা কোড বংশলতিকা ফর্মে উল্লেখ করতে হবে যাতে, অন্য লিগেন্সি ডাটা কোডসমূহ কোন অসাধু ব্যক্তি অপব্যবহার করতে না পারে।
৫. পরিবারের বিবাহিতা মেয়েদের নামও এখানে উল্লেখ করতে হবে।
৬. পরিবারের বংশলতিকার ফর্ম অসমীয়া / বাংলা / বଡ়ো / ইংরেজীতে পূরণ করতে পারবেন।
৭. পরিবারের বংশলতিকার বিবরণ পরীক্ষণকারী দলের আধিকারীকদের একবার দেওয়ার পর তা পরিবর্তন করা বা তুলে নেওয়া যাবে না।

বংশলতিকা কি ?

বংশলতিকা হল আপনার পরিবারের বিভিন্ন প্রজন্মের বিবরণ যেখানে অন্তর্ভুক্ত হবে আপনার পূর্বপুরুষ, মা-বাবা, কাকা-কাকীমা, সন্তান এবং তাদের সম্পন্নায়গণের নাম।

নিরপেক্ষ পরীক্ষণ প্রক্রিয়ার দ্বারা একটি শুণ্ডি রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী প্রকাশ করতে আমরা দায়বদ্ধ।

তাই বংশলতিকার ফর্ম সব আবেদনকারীর জন্য প্রযোজনীয়।

এতদ্বারা আমরা নিশ্চিত করছি যে, উন্নিতকৃত রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে কোন বিদেশীর নাম অন্তর্ভুক্ত হবে না এবং কোন প্রকৃত ভারতীয়র নাম বাদও পরবে না।

বিশদ জানতে এবং
সহায়তার জন্য

আমাদের বিনামূল্যের হেল্পলাইন নম্বর
১৫১০৭ (15107)

আমাদের ওয়েবসাইট
www.nrcassam.nic.in

রাজ্যিক সমবর্ক, রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীয়ন, অসম
দ্বারা জনহিতৈর্থে প্রচারিত।